# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৮

( ২০১৮ সনের ৫৫ নং আইন )

[ ১৪ নভেম্বর, ২০১৮ ]

**Housing and Building Research Institute Ordinance, 1977 রহিতক্রমে উহার বিধানাবলি বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে নূতনভাবে আইন প্রণয়নকল্পে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহের, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তপশিলের ৩ক এবং ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৬ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে বাংলায় নূতনভাবে আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Housing and Building Research Institute Ordinance, 1977 (Ordinance No. XLIX of 1977) রহিতক্রমে উহার বিধানাবলি বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে নূতনভাবে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন**

১। (১) এই আইন হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্ধারিত হইবে সেই তারিখ হইতে ইহা কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে,-

(১) "ইনস্টিটিউট" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট;

(২) "কমিটি" অর্থ পরিচালনা পরিষদের নির্বাহী কমিটি;

(৩) "চেয়ারম্যান" অর্থ পরিচালনা পরিষদের চেয়ারম্যান;

(৪) "পরিচালনা পরিষদ" অর্থ ধারা ৭ এর অধীন গঠিত ইনস্টিটিউটের পরিচালনা পরিষদ;

(৫) "প্রবিধান" অর্থ ধারা ২৫ এর অধীন প্রণীত প্রবিধান;

(৬) "বিধি" অর্থ ধারা ২৪ এর অধীন প্রণীত বিধি;

(৭) "মহাপরিচালক" অর্থ ইনস্টিটিউটের মহাপরিচালক; এবং

(৮) "সদস্য'' অর্থ পরিচালনা পরিষদের কোনো সদস্য।

**ইনস্টিটিউট প্রতিষ্ঠা**

৩। (১) Housing and Building Research Institute Ordinance, 1977 (Ordinance No. XLIX of 1977) এর অধীন প্রতিষ্ঠিত হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট (Housing and Building Research Institute) এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত।

(২) ইনস্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**ইনস্টিটিউটের কার্যালয়**

৪। (১) ইনস্টিটিউটের প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে।

(২) ইনস্টিটিউট, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোনো স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**পরিচালনা ও প্রশাসন**

৫। (১) ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব একটি পরিচালনা পরিষদের উপর ন্যস্ত থাকিবে এবং ইনস্টিটিউট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে পরিচালনা পরিষদও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) পরিচালনা পরিষদ উহার দায়িত্ব পালন ও কার্য-সম্পাদনের ক্ষেত্রে এই আইন, বিধি, প্রবিধান ও সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা অনুসরণ করিবে।

**ইনস্টিটিউটের কার্যাবলি**

৬। ইনস্টিটিউটের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) ইমারতের নকশা প্রণয়ন ও নির্মাণ, নির্মাণ উপকরণ-শিল্প এবং মানব বসতির সহিত সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার উপর কারিগরি ও বৈজ্ঞানিক অনুসন্ধান এবং গবেষণা কার্যক্রম পরিচালনা;

(খ) দেশজ নির্মাণ উপকরণের প্রাপ্যতা, উন্নয়ন ও ব্যবহার এবং পরিবেশবান্ধব নির্মাণ উপকরণের উন্নয়নে গবেষণা পরিচালনা;

(গ) ক্রমিক (খ) এ উল্লিখিত নির্মাণ সামগ্রী ও উপকরণ প্রস্তুতে প্রণোদনা প্রদান ও ব্যবহারে উৎসাহিতকরণ এবং এই সকল বিষয়ে সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সুপারিশকরণ;

(ঘ) ইমারত নির্মাণের ক্ষেত্রে মাননিয়ন্ত্রণ কৌশল (quality control measures) এর সক্ষমতা বৃদ্ধি ও উহা অনুসরণে উৎসাহ প্রদান;

(ঙ) গৃহায়ন খাতে ভূমিকম্পসহ বিভিন্ন দুর্যোগসহনীয় এবং পরিবেশবান্ধব নির্মাণ প্রযুক্তি, স্বল্পখরচে ইমারত নির্মাণের পরিকল্পনা ও ডিজাইন এবং ইমারত রক্ষণাবেক্ষণের আধুনিক কৌশল উন্নয়নে প্রয়োজনীয় গবেষণা ও অন্যান্য উদ্যোগ গ্রহণ;

(চ) ইমারত নির্মাণে সাশ্রয়ী ও টেকসই নূতন উপকরণ ও প্রযুক্তির ব্যবহার এবং উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ছ) গৃহায়ণ ও ইমারত সম্পর্কিত গবেষণা কর্মকাণ্ডে নিয়োজিত জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ স্থাপন এবং ইনস্টিটিউটের কর্মকাণ্ডের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা ও স্বীকৃতি অর্জনের জন্য যৌথ সমীক্ষা পরিচালনা ও গবেষণা কার্যক্রম গ্রহণ;

(জ) বিকল্প নির্মাণ সামগ্রী ও নির্মাণ প্রযুক্তি বিষয়ক নিয়মিত গবেষণা কার্যক্রম পরিচালনা এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ও অন্যান্য নির্মাণ সংক্রান্ত কোড, নীতিমালা, ইত্যাদি প্রণয়ন ও হালনাগাদকরণ;

(ঝ) ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রম মূল্যায়ন এবং গবেষণালব্ধ ফলাফল প্রয়োগের উদ্যোগ গ্রহণ;

(ঞ) গৃহায়ন ও ইমারত নির্মাণের ক্ষেত্রে, সরকারের পূর্বানুমোদনক্রমে, গবেষণা এবং কারিগরি ও বৈজ্ঞানিক অনুসন্ধান কার্যক্রমকে উৎসাহিত করিবার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রবর্তন;

(ট) গৃহায়ন ও ইমারত নির্মাণ প্রযুক্তি সম্পর্কে কারিগরি পরামর্শ প্রদান ও গ্রহণের জন্য যে কোনো দেশি, বিদেশি বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সহিত, সরকারের পূর্বানুমোদনক্রমে, দ্বিপাক্ষিক বা বহুপাক্ষিক চুক্তি সম্পাদন;

(ঠ) গৃহায়ন ও ইমারত নির্মাণের ক্ষেত্রে গবেষণা কর্মকাণ্ড পরিচালনার জন্য গবেষক ও টেকনিশিয়ানগণকে (research and technical personnel) প্রশিক্ষণ প্রদান এবং ইমারত নির্মাণ সংক্রান্ত গবেষণালব্ধ জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন;

(ড) গৃহায়ন ও নির্মাণ গবেষণায় অগ্রসর রাষ্ট্র এবং অগ্রণী প্রতিষ্ঠানসমূহের সহিত, সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রশিক্ষণ এবং প্রশিক্ষক সহায়তা প্রদান সম্পর্কিত চুক্তি সম্পাদনসহ অন্যান্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(ঢ) গৃহায়ন ও ইমারত নির্মাণ শিল্পের বিভিন্ন বিষয় ও সমস্যা সম্পর্কিত পরামর্শ সেবা প্রদান;

(ণ) গৃহায়ন ও ইমারত নির্মাণ শিল্পের বিভিন্ন সম্ভাবনা ও সমস্যা সম্পর্কিত সর্বশেষ তথ্য প্রকাশ, প্রচার ও সংরক্ষণ;

(ত) ইনস্টিটিউটের কার্যক্রমের উপর নিয়মিতভাবে গবেষণা প্রতিবেদন, জার্নাল, কারিগরি প্রতিবেদন এবং সম্পাদিত অন্যান্য কার্য সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ; এবং

(থ) উপরি-উক্ত কার্যাবলির সহিত সম্পর্কিত প্রয়োজনীয় আনুষঙ্গিক বা সহায়ক অন্য যে কোনো কার্য সম্পাদন।

**পরিচালনা পরিষদের গঠন**

৭। (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ইনস্টিটিউটের পরিচালনা পরিষদ গঠিত হইবে, যথা:-

(ক) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সিনিয়র সচিব/সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(গ) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;

(ঘ) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর;

(ঙ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ;

(চ) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর;

(ছ) চেয়ারম্যান, বাংলাদেশ শিল্প গবেষণা পরিষদ;

(জ) পরিকল্পনা কমিশন কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

(ঝ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

(ঞ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

(ট) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর;

(ঠ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের ২ (দুই) জন অধ্যাপক, তন্মধ্যে ১ (এক) জন পুরকৌশল বিভাগ হইতে এবং অন্যজন স্থাপত্য বিভাগ অথবা আরবান এন্ড রিজনাল প্লানিং (Urban and Regional Planning) বিভাগ হইতে মনোনীত হইবেন;

(ড) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত, ইনস্টিটিউটের কার্যাবলির সহিত সংশ্লিষ্ট কোনো বিষয়ের ১ (এক) জন অধ্যাপক;

(ঢ) বাংলাদেশ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন কর্তৃক মনোনীত উক্ত ইনস্টিটিউশনের অন্যূন ফেলো পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

(ণ) ইনস্টিটিউট অব আর্কিটেক্ট, বাংলাদেশ কর্তৃক মনোনীত উক্ত ইনস্টিটিউটের অন্যূন ফেলো পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

(ত) ইমারত ডিজাইন প্রণয়ন কার্যে নিয়োজিত পরামর্শক প্রকৌশলীগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত ১(এক) জন প্রতিনিধি;

(থ) রিয়েল এস্টেট এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর সভাপতি বা তৎকর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি;

(দ) ইমারত নির্মাণ ফার্মসমূহ হইতে সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি;

(ধ) সরকার কর্তৃক মনোনীত ইনস্টিটিউটের ২ (দুই) জন প্রতিনিধি; এবং

(ন) মহাপরিচালক, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপধারা (১) এর ক্রমিক (ঠ), (ড), (ঢ), (ণ), (ত), (থ), (দ) এবং (ধ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) বৎসর মেয়াদে সদস্য পদে অধিষ্ঠিত থাকিবেন; তবে তাহারা যে কোনো সময় চেয়ারম্যানের নিকট স্বাক্ষরযুক্ত পত্রের মাধ্যমে পদত্যাগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কোনো পদত্যাগ কার্যকর হইবে না।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে মনোনয়ন প্রদানকারী কর্তৃপক্ষ মনোনীত কোনো সদস্যকে তাহার দায়িত্ব হইতে যে কোনো সময় অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৪) পরিচালনা পরিষদের কোনো কার্য বা কার্যধারা পরিচালনা পরিষদের কোনো সদস্যপদে শূন্যতা বা পরিচালনা পরিষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৫) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী থাকিলে তিনি পরিচালনা পরিষদের ভাইস-চেয়ারম্যান হইবেন; সেইক্ষেত্রে সচিব উক্ত পরিষদের সদস্য হইবেন; এবং প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী না থাকিলে সচিব উক্ত পরিষদের ভাইস-চেয়ারম্যান হইবেন।

**পরিচালনা পরিষদের সভা**

৮। (১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, পরিচালনা পরিষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) পরিষদের সভা, চেয়ারম্যান বা তাঁহার অনুপস্থিতিতে ভাইস-চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) বৎসরে ন্যূনতম ২ (দুই) বার পরিচালনা পরিষদের সভা অনুষ্ঠিত হইবে।

(৪) চেয়ারম্যান পরিষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন।

(৫) পরিষদের মোট সদস্য সংখ্যার অন্যূন অর্ধেক সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৬) সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যগণের ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে।

(৭) সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে, সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

(৮) পরিচালনা পরিষদের সভায় যোগদানের জন্য সদস্যগণ বিধি দ্বারা নির্ধারিত ভাতা প্রাপ্য হইবেন।

**নির্বাহী কমিটির গঠন**

৯। (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে নির্বাহী কমিটি গঠিত হইবে, যথা:-

(ক) মহাপরিচালক, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) ইনস্টিটিউটের গবেষণা ও প্রশাসনিক কার্যে নিয়োজিত বা উক্ত কার্য সম্পাদনের জন্য নবম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মচারীগণের মধ্য হইতে পরিচালনা পরিষদ কর্তৃক মনোনীত ৪ (চার) জন কর্মচারী।

(২) উপ-ধারা (১) এর অধীন মনোনীত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(৩) নির্বাহী কমিটির কোনো কার্য বা কার্যধারা নির্বাহী কমিটির কোনো সদস্যপদে শূন্যতা বা নির্বাহী কমিটির গঠনে ত্রুটি থাকিবার কারণে অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

**নির্বাহী কমিটির সভা**

১০। (১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, নির্বাহী কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করতে পারিবে।

(২) নির্বাহী কমিটির সভা, মহাপরিচালক কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) মহাপরিচালক নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভাপতিত্ব করিবেন।

(৪) নির্বাহী কমিটির সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যগণের ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে।

(৫) নির্বাহী কমিটির সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে, সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

**নির্বাহী কমিটির কার্যাবলি**

১১। নির্বাহী কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) পরিচালনা পরিষদের অনুমোদনের জন্য ইনস্টিটিউটের কার্যাবলির সহিত সঙ্গতিপূর্ণ প্রস্তাব ও কর্মসূচি প্রণয়ন এবং অনুমোদিত সকল প্রস্তাব ও কর্মসূচি বাস্তবায়ন;

(খ) পরিচালনা পরিষদের নির্দেশনা অনুযায়ী গৃহায়ন ও ইমারত নির্মাণ ক্ষেত্রে গবেষণা এবং কারিগরি ও বৈজ্ঞানিক সমীক্ষা পরিচালনা;

(গ) পরিচালনা পরিষদকে উহার কার্যসম্পাদনে সহায়তা প্রদান; এবং

(ঘ) প্রবিধান দ্বারা নির্ধারিত বা, সময় সময়, পরিচালনা পরিষদ বা, ক্ষেত্রমত, সরকার কর্তৃক অর্পিত ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন।

**মহাপরিচালক**

১২। (১) ইনস্টিটিউটের একজন মহাপরিচালক থাকিবেন।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক, গৃহায়ন ও ইমারত নির্মাণ সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণের মধ্য হইতে, নির্ধারিত শর্তসাপেক্ষে নিযুক্ত হইবেন।

(৩) মহাপরিচালক ইনস্টিটিউটের প্রধান নির্বাহী হইবেন, এবং তিনি -

(ক) এই আইন এবং তদধীন প্রণীত বিধি ও প্রবিধান অনুযায়ী কার্য সম্পাদন করিবেন;

(খ) ইনস্টিটিউটের কার্যসম্পাদনে কোনো জরুরি পরিস্থিতির উদ্ভব হইলে সেইক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন এবং গৃহীত পদক্ষেপ, যথাশীঘ্র সম্ভব, নির্বাহী কমিটির পরবর্তী সভায় অবহিতকরণ এবং পরিচালনা পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন; এবং

(গ) পরিচালনা পরিষদ কর্তৃক অর্পিত যে কোনো দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগ করিবেন।

(৪) মহাপরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা, বা অন্য কোনো কারণে তিনি দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বা তিনি পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক নিযুক্ত কোনো ব্যক্তি মহাপরিচালকের দায়িত্ব পালন করিবেন।

**কর্মচারী নিয়োগ**

১৩। (১) ইনস্টিটিউট উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো সাপেক্ষে, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(২) কর্মচারীদের নিয়োগ এবং চাকরির শর্তাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

**গবেষক বা প্রযুক্তিবিদ নিয়োগ**

১৪। ইনস্টিটিউট, নিজস্ব জনবল দ্বারা সক্ষম না হইলে, গৃহায়ন ও নির্মাণ সম্পর্কিত উদ্ভূত কোনো সমস্যা নিরসনে এবং জনস্বার্থে, প্রয়োজনে, কোনো বিষয়ে কোনো আবিষ্কার বা প্রযুক্তি উদ্ভাবনের জন্য, সরকারের পূর্বানুমোদনক্রমে, উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে গবেষক বা প্রযুক্তিবিদ নিয়োগ করিতে পারিবে।

**বৈদেশিক প্রশিক্ষণ ও উচ্চশিক্ষ**

১৫। (১) ইনস্টিটিউট, পরিচালনা পরিষদের পূর্বানুমোদনক্রমে, ইনস্টিটিউটের উদ্দেশ্য ও কার্যাবলির সহিত সঙ্গতিপূর্ণ বিষয়ে উহার গবেষক ও প্রযুক্তিবিদগণকে প্রয়োজনীয় বৈদেশিক প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) কোনো গবেষক বা প্রযুক্তিবিদ স্বীকৃত কোনো আন্তর্জাতিক প্রতিষ্ঠান কর্তৃক ইনস্টিটিউটের উদ্দেশ্য ও কার্যাবলির সহিত সঙ্গতিপূর্ণ বিষয়ে গবেষণার জন্য মনোনীত হইলে এবং উক্ত ক্ষেত্রে আর্থিক

সহায়তার প্রয়োজন হইলে, ইনস্টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে, উহার সমুদয় বা অংশবিশেষ প্রদান করিতে পারিবে।

**ঋণ গ্রহণ ও পরিশোধ**

১৬। ইনস্টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে, পরিচালনা পরিষদের সম্মতি গ্রহণপূর্বক, আইনের অধীন উহার কার্যাবলি সম্পাদনের জন্য বাংলাদেশের অভ্যন্তরীণ উৎস হইতে প্রয়োজনীয় ঋণ গ্রহণ করিতে পারিবে এবং উক্ত ঋণ প্রযোজ্য শর্তাবলির অধীন পরিশোধের জন্য ইনস্টিটিউট দায়ী থাকিবে।

**ইনস্টিটিউটের তহবিল**

১৭। (১) ইনস্টিটিউটের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত উৎস হইতে অর্থ জমা হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) কোনো ব্যক্তি, সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে কোনো বিদেশি সরকার অথবা দেশি বা বিদেশি উন্নয়ন সহযোগী সংস্থা হইতে প্রাপ্ত অনুদান ও সাহায্য;

(ঘ) গৃহীত ঋণ;

(ঙ) ইনস্টিটিউট কর্তৃক গৃহীত ফি;

(চ) ইনস্টিটিউটের সম্পদ বিক্রয় অথবা ভাড়া হইতে প্রাপ্ত অর্থ; এবং

(ছ) অন্য যে কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) তহবিলের অর্থ ইনস্টিটিউটের নামে ইনস্টিটিউট কর্তৃক নির্দিষ্টকৃত কোনো তপশিলি ব্যাংকে জমা রাখিতে হইবে এবং পরিচালনা পরিষদ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত তহবিল পরিচালিত হইবে।

ব্যাখ্যা।- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে ''তপশিলি ব্যাংক'' অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. 127 of 1972) এর Article 2 (j) তে সংজ্ঞায়িত কোনো “Scheduled Bank”।

(৩) তহবিলের অর্থ হইতে সরকারি বিধি-বিধান অনুসরণক্রমে ইনস্টিটিউটের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাইবে।

**বাজেট**

১৮। ইনস্টিটিউট, প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, পরবর্তী অর্থ-বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ-বৎসরে সরকারের নিকট হইতে ইনস্টিটিউটের কি পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে।

**হিসাবরক্ষণ ও নিরীক্ষা**

১৯। (১) ইনস্টিটিউট, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক বলিয়া অভিহিত, এর সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, উহার হিসাব সংরক্ষণ

করিবে।

(২) মহা হিসাব-নিরীক্ষক যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ পদ্ধতিতে ইনস্টিটিউটের হিসাব নিরীক্ষিত হইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন নিরীক্ষার উদ্দেশ্যে, মহা হিসাব-নিরীক্ষক বা এতদুদ্দেশ্যে তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, ইনস্টিটিউটের সকল রেকর্ড, বহি, দলিল, নগদ অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যান্য সম্পদ পরীক্ষা করিতে পারিবেন এবং পরিচালনা পরিষদের কোনো সদস্য অথবা ইনস্টিটিউটের মহাপরিচালক বা অন্য কোনো কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৪) মহা হিসাব-নিরীক্ষক তাহার নিরীক্ষা প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবেন এবং উহার একটি কপি ইনস্টিটিউটের নিকট প্রেরণ করিবেন।

**বার্ষিক প্রতিবেদন**

২০। (১) ইনস্টিটিউট প্রতিবৎসর তদকর্তৃক সম্পাদিত কার্যাবলির বিবরণ সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন, যথাশীঘ্র সম্ভব, সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার, প্রয়োজনে, যে কোনো সময়, ইনস্টিটিউটের নিকট হইতে উহার যে কোনো বিষয়ের উপর প্রতিবেদন, বিবরণী বা রিটার্ন আহবান করিতে পারিবে এবং ইনস্টিটিউট উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

**কমিটি**

২১। পরিচালনা পরিষদ উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ সংখ্যক কমিটি গঠন এবং উহার কার্যপরিধি নির্ধারণ করিতে পারিবে।

**ক্ষমতা অর্পণ**

২২। মহাপরিচালক, প্রয়োজনবোধে এবং তদকর্তৃক নির্ধারিত শর্তসাপেক্ষে, এই আইনের অধীন তাহার উপর অর্পিত যে কোনো ক্ষমতা বা দায়িত্ব লিখিত আদেশ দ্বারা ইনস্টিটিউটের কোনো কর্মচারীকে অর্পণ করিতে পারিবেন।

**জনসেবক**

২৩। পরিচালনা পরিষদের সকল সদস্য এবং ইনস্টিটিউটের সকল কর্মচারী এই আইন বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধান অনুযায়ী কোনো কার্য সম্পাদনকালে Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর Section 21 এ সংজ্ঞায়িত অর্থে জনসেবক (Public Servant) বলিয়া গণ্য হইবেন।

**বিধি প্রণয়নের ক্ষমতা**

২৪। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ বিধি প্রণয়ন করিতে পারিবে।

**প্রবিধান প্রণয়নের ক্ষমতা**

২৫। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ইনস্টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন ও তদধীন প্রণীত বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ

প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

**রহিতকরণ ও হেফাজত**

২৬। (১) Housing and Building Research Institute Ordinance, 1977 (Ordinance No. XLIX of 1977), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন-

(ক) কৃত কোনো কাজ বা গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো নোটিশ, প্রস্তুতকৃত বাজেট প্রাক্কলন, স্কিম বা প্রকল্প এই আইনের অধীন কৃত, গৃহীত, প্রদত্ত বা প্রস্তুতকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) প্রণীত কোনো বিধি বা প্রবিধান, ইস্যুকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে এবং এই আইনের অধীন প্রণীত বা ইস্যুকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উক্ত Ordinance রহিত হইবার সঙ্গে সঙ্গে উক্ত Ordinance এর অধীন প্রতিষ্ঠিত Institute এর-

(ক) সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ, অন্য সকল দাবি ও অধিকার, সকল হিসাব বহি, রেজিস্টার, রেকর্ড এবং অন্যান্য দলিল ইনস্টিটিউটের সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও বাংকে গচ্ছিত অর্থ, দাবি ও অধিকার, হিসাব বহি, রেজিস্টার, রেকর্ড এবং দলিল হিসাবে গণ্য হইবে;

(খ) সকল ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি, যথাক্রমে ইনস্টিটিউটের ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে;

(গ) বিরুদ্ধে বা তদ্‌কর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা ইনস্টিটিউটের বিরুদ্ধে বা ইনস্টিটিউট কর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা বলিয়া গণ্য হইবে; এবং

(ঘ) সকল কর্মচারী ইনস্টিটিউটের কর্মচারী হিসাবে গণ্য হইবেন এবং এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে তাহারা যে শর্তে চাকরিতে নিয়োজিত ছিলেন সেই একই শর্তে নিযুক্ত থাকিবেন, যতক্ষণ পর্যন্ত না ইনস্টিটিউট কর্তৃক তাহাদের চাকরির শর্তাবলি পরিবর্তিত হয়।

**ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**

২৭। (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) ইংরেজি পাঠ এবং মূল বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division

Ministry of Law, Justice and Parliamentary Affairs